

🗏 আন-নাযি'আত | An-Nazi'at | ٱلنَّازِعَات

আয়াতঃ ৭৯: ২২

💵 আরবি মূল আয়াত:



তারপর সে ফাসাদ করার চেষ্টায় প্রস্থান করল। — আল-বায়ান
অতঃপর সে (আল্লাহর বিরুদ্ধে) জোর প্রচেষ্টা চালানোর জন্য (সত্যের) উল্টোপথে ফিরে গেল। — তাইসিরুল
অতঃপর সে পশ্চাৎ ফিরে প্রতিবিধানে সচেষ্ট হল। — মুজিবুর রহমান

Then he turned his back, striving. — Sahih International

- ২২. তারপর সে পিছনে ফিরে প্রতিবিধানে সচেষ্ট হল।(১)
 - (১) অর্থাৎ হককে বাতিল দ্বারা প্রতিহত করতে চেষ্টা করতে লাগল। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

২২। অতঃপর সে পিছন ফিরে প্রতিবিধানে সচেষ্ট হল। [1]

[1] অর্থাৎ, সে ঈমান ও আনুগত্য থেকে মুখ ফিরিয়ে নিয়েই ক্ষান্ত হল না; বরং যমীনে ফাসাদ ছড়ানোতে এবং মূসা (আঃ)-এর মুকাবিলা করতে প্রচেষ্টা চালালো। সুতরাং সে যাদুকরদেরকে উপস্থিত করে মূসা (আঃ) এর মুকাবেলা করালো; যাতে মূসা (আঃ)-কে মিথ্যা সাব্যস্ত করা যায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=5734

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন